

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪০০৬

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - গনীমাতের সম্পদ বণ্টন এবং তা আত্মসাৎ করা

### আরবী

وَعَن محمع بن جارية قَالَ: قُسِمَتْ خَيْبَرُ عَلَى أَهْلِ الْحُدَيْبِيَةِ فَقَسَمَهَا رَسُولَ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثَمَانِيَةَ عَشَرَ سَهْمًا وَكَانَ الْجَيْشُ أَلْفًا وَخَمْسَمِائَةٍ فِيهِمْ ثَلَاثُمِائَةِ فَارِسٍ فَأَعْطِيَ الْفَارِسُ سَهْمَيْنِ وَالرَّاجِلُ سَهْمًا رَوَاهُ أَبُو دَاوُدَ وَقَالَ: حَدِيثُ ابْنِ عُمَرَ أصح فَأَعْطِيَ الْفَارِسُ سَهْمَيْنِ وَالرَّاجِلُ سَهْمًا رَوَاهُ أَبُو دَاوُدَ وَقَالَ: حَدِيثُ ابْنِ عُمَرَ أصح فَالْعَمَل عَلَيْهِ وَأَتَى الْوَهْمُ فِي حَدِيثِ مُجَمِّعٍ أَنَّهُ قَالَ: أَنَّهُ قَالَ: ثَلَاثُمِائَةِ فَارِسٍ وَإِنَّمَا كَانُوا مِائَتَيْ فَارس

#### বাংলা

8০০৬-[২২] মুজাম্মা' ইবনু জারিয়াহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, হুদায়বিয়ার সন্ধিতে যেসব সাহাবী উপস্থিত ছিলেন, খায়বার যুদ্ধের মালে গনীমাত তাদের মধ্যে বন্টন করা হয়। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তা ১৮ (আঠারো) ভাগে বন্টন করেন। সৈন্য সংখ্যা ছিল পনেরশ'। তন্মধ্যে অশ্বারোহী ছিলেন তিনশত'। অতএব অশ্বারোহীদেরকে দু'ভাগে এবং পদাতিকগণকে একভাগ হিসেবে প্রদান করেন। (আবু দাউদ)[1]

ইমাম আবূ দাউদ বলেনঃ 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ)-এর এ হাদীসটি অধিক গ্রহণযোগ্য। এ হাদীস বর্ণনাকারী ভুলক্রমে অশ্বারোহী সৈন্যের সংখ্যা তিনশ' বলেছেন, অথচ তারা ছিলেন মাত্র দু'শ।

## ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাঊদ ২৭৩৬, আহমাদ ১৫৪৭০।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: প্রথম অনুচ্ছেদে উল্লেখিত বুখারী-মুসলিমের সহীহ হাদীস 'আবদুল্লাহ ইবনু 'উমার থেকে বর্ণিত হয়েছে (হাদীস নং ৩৯৮৭) অত্র হাদীসের খেলাফ। ইমাম আবূ হানীফাহ্ (রহঃ) ও হানাফীগণ ছাড়া সকলেই উক্ত সহীহ হাদীসের পক্ষে ঘোড় সওয়ারদের জন্য তিন ভাগ এবং পদাতিকদের এক ভাগ বা এক অংশ বলে মনে করেন।



মুজাম্মা' বিন জারিয়াহ্ কর্তৃক বর্ণিত অত্র হাদীসটি আবৃ হানীফাহ্ (রহঃ) ও তার অনুসারীদের পক্ষে প্রামাণ্য দলীল। কিন্তু হাদীসটি দুর্বল। ইমাম আবৃ দাউদ হাদীসটি বর্ণনা করে নিজেই বলেছেন, ''ইবনু উমার-এর হাদীসটি অধিক সহীহ, আর অধিকাংশ ইমামের 'আমলও তদনুযায়ী। পক্ষান্তরে মুজাম্মা'-এর বর্ণিত হাদীসটির মধ্যে ভুল আছে, কেননা তিনি বলেছেন, অশ্বারোহী সৈন্য ছিলেন তিনশত, অথচ তারা ছিলেন মাত্র দুইশত। (মিরকাতুল মাফাতীহ; 'আওনুল মা'বৃদ ৫ম খন্ড, হাঃ ২৭৩৩)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মুজাম্মে ইবনে জারিয়া (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন